

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল  
জুডিসিয়াল মুন্সিখানা শাখা  
www.tangail.gov.bd


স্মারক নং- ০৫.৪১.৯৩০০.০১০.১০.০১০.২০২৪-৯০৯

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১  
২৮ আগস্ট ২০২৪

**গণবিজ্ঞপ্তি**

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, রাজনৈতিক-৪ শাখার ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নং প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলাবারুদ থানায় জমা না দেয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারি ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রয়োজ্য হবে না।

২। ঘোষিত আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 (Act XI of 1878) এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
২৮/০৮/২০২৪

মোঃ কায়ছারুল ইসলাম

জেলা ম্যাজিস্ট্রেট

টাঙ্গাইল

ফোন: ০২৯৯৭৭১৪৯০২

ফ্যাক্স: ০২৯৯৭৭১৪৯০৩


[dctangail@mopa.gov.bd](mailto:dctangail@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.৪১.৯৩০০.০১০.১০.০১০.২০২৪-৯০৯

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১  
২৮ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, . . . . . (সকল), টাঙ্গাইল (বিজ্ঞপ্তি বহল প্রচারের অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল (বহল প্রচারের জন্য অনুরোধসহ)।
- ০৭। অফিসার ইনচার্জ, . . . . . (সকল), টাঙ্গাইল (আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ অনুযায়ী থানায় আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমা ও সংরক্ষণের বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইলকে অবহিত করার জন্য বলা হলো)।
- ০৮। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ০৯। নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।

  
২৮/০৮/২০২৪

জেলা ম্যাজিস্ট্রেট

টাঙ্গাইল